**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 0↵-03-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) উপরাষ্ট্রপতি সি.পি রাধাকৃষ্ণণ শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে সর্বোচ্চ সময় ব্যয় করার আহ্বান জানান।**

**(২) উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গন অডিটরিয়ামে আয়োজিত লাখপতি দিদি ও স্ব-সহায়ক গোষ্ঠীর মহিলাদের নিয়ে মতবিনিময় করেন|**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে প্রায় ৩৩ হাজার ৫০০ কোটি টাকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।**

**(৪) আজ আন্তর্জাতিক নারী দিবস দেশ জুড়ে নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হচ্ছে |**

*********************************************************

**Vice president- Tripura University:**

উপরাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ বলেছেন, ত্রিপুরা বিশ্ববিদ্যালয় শিক্ষাদান ও গবেষণা উদ্ভাবনের একটি প্রাণবন্ত কেন্দ্র| আজ ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের ১৪তম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে উপ-রাষ্ট্রপতি একথা বলেন| তিনি শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে সর্বোচ্চ সময় ব্যয় করার আহ্বান জানান। প্রযুক্তি একটি গেম চেঞ্জার হয়ে উঠেছে বলে উল্লেখ করে উপ-রাষ্ট্রপতি বলেন, এটিকে ইতিবাচকভাবে ব্যবহার করা উচিত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর গৃহীত উদ্যোগের কথা উল্লেখ করে তিনি বলেন, গত দশকে উত্তর-পূর্বাঞ্চলে উল্লেখযোগ্য উন্নয়ন হয়েছে বিশেষ করে রেল ও বিমান যোগাযোগের ক্ষেত্রে।

ত্রিপুরা রাজ্য হিসেবে ছোট হলেও সংস্কৃতির দিক থেকে খুবই উন্নত। এখানের বিভিন্ন জাতিগোষ্ঠীর উন্নত সংস্কৃতি রয়েছে বলে তিনি মন্তব্য করেন| উপরাষ্ট্রপতি ত্রিপুরা সুন্দরী মন্দিরের পাশাপাশি ছবিমুড়া এবং ডুম্বুরের উন্নয়নের প্রসঙ্গে বলেন, আধ্যাত্মিক ও প্রাকৃতিক সৌন্দর্য পর্যটকদের এই রাজ্য আকৃষ্ট করছে।

########BYTE Vice president########

অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেন, আমাদের আদিবাসী জ্ঞান ব্যবস্থাকে আধুনিক বিজ্ঞান ও প্রযুক্তির সাথে একীভূত না করলে উন্নত ভারত গড়ে তোলা সম্ভব নয়। তিনি বলেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ কেবল একটি নীতিগত দলিল নয়, বরং একটি দার্শনিক পরিবর্তন।

সমাবর্তন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, শিক্ষাকে কর্মসংস্থানের সুযোগের সাথে সংযুক্ত করে উচ্চশিক্ষাকে শক্তিশালী করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, দেশের বিভিন্ন রাজ্য থেকে ছাত্রছাত্রীরা এখানে পড়াশুনা আসছেন। ভবিষ্যৎ প্রজন্মের জন্য রাজ্যে উচ্চ শিক্ষার প্রসার ঘটবে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন| আজকের এই সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শ্যামল দাস বক্তব্য রাখেন|

অনুষ্ঠানে ১৪৯ জনকে পিএইচডি সম্মান এবং ২৮৪ জন ছাত্রছাত্রীকে স্বর্ণপদক দেওয়া হয়।

এর আগে উপরাষ্ট্রপতি রিমোট টিপে ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের একটি একাডেমিক বিল্ডিং এবং রেসিডেন্সিয়াল কমপ্লেক্স বিল্ডিং-এর উদ্বোধন করেন। ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ে এগজামিনেশন হলটিও ঘুরে দেখেন।

****************************

**Vice President-Hapania:**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গন অডিটরিয়ামে আয়োজিত লাখপতি দিদি ও স্ব-সহায়ক গোষ্ঠীর মহিলাদের নিয়ে মতবিনিময় করেন| এই মতবিনিময় সভায় তিনি বলেন, নারীদের ক্ষমতায়ন ও স্বশক্তি করনের মধ্য দিয়ে দেশ এগিয়ে যাচ্ছে। প্রত্যেক নাগরিককে সমান সুযোগ সুবিধা প্রদানের মধ্য দিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার যে প্রয়াস নিয়েছেন প্রধানমন্ত্রী তাঁকে বাস্তবায়ন করার ক্ষেত্রেও রাজ্য সরকার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন| অনুষ্ঠানে বক্তব্য রাখেন, রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নালু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, গ্রামোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং। এছাড়া উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিংকু রায়, বিধায়িকা মিনারানী সরকার, মুখ্যসচিব জে কে সিনহা।

****************************

**Vice President-Udaipur:**

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন আজ সকালে উদয়পুর ত্রিপুরা সুন্দরী মন্দির পরিদর্শনে যান| সেখানে তিনি মায়ের পুজো দেন| এর আগে মাতা বাড়িতে তাঁকে স্বাগত জানান অর্থমন্ত্রী প্রণজিৎ সিং রায়৷ উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এর সঙ্গে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু|

বিকেলে তিনি আগরতলার এলবার্ট এক্কা পার্কে ভারতীয় সেনা বাহিনীর যুদ্ধ স্মৃতি স্মারক স্তম্ভে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন| সেখানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু, কৃষিমন্ত্রী রতন লাল নাথ ও শিল্প বানিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা।

দু'দিনের সফর শেষে উপরাষ্ট্রপতি দিল্লীর উদ্দেশ্যে রাজ্য ত্যাগ করেন৷

****************************

**PM:**

ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে প্রায় ৩৩ হাজার ৫০০ কোটি টাকার বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, দেশের রাজধানীতে পরিকাঠামো ও নাগরিক সুবিধা শক্তিশালী ও সম্প্রসারিত করা হচ্ছে। আজকের এই প্রকল্পগুলি দিল্লীর পরিকাঠামো, যোগাযোগ ব্যবস্থা এবং মানুষের জীবনযাত্রা আরও উন্নত করবে।

########BYTE PM ########

প্রধানমন্ত্রী বলেন, নারী ক্ষমতায়নের ক্ষেত্রে ভারত একটি নতুন অধ্যায় রচনা করছে এবং দেশের উন্নয়নে নারীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। দেশের প্রতিটি ক্ষেত্রে ভারতের নারীরা নতুন উদ্যম নিয়ে এগিয়ে চলেছেন এবং জাতি গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন বলেও তিনি উল্লেখ করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রী মনোহর লাল খাট্টার বলেন, মেট্রো রেল দিল্লির যাত্রীদের অনেক সময় সাশ্রয় করতে সাহায্য করছে। অনুষ্ঠানে দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা উপস্থিত ছিলেন।

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**IWD-President:**

আজ আন্তর্জাতিক নারী দিবস| দেশ জুড়ে নানা কর্মসূচির মধ্য দিয়ে এ দিবসটি পালিত হচ্ছে| রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন| আজ নয়াদিল্লিতে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেন, নারীদের সুযোগ এবং সহায়তা দেওয়া হলে তারা প্রতিটি ক্ষেত্রেই শ্রেষ্ঠত্ব অর্জন করতে পারে। তিনি বলেন উদ্যোগ বা কর্পোরেট সব ক্ষেত্রেই নারীরা নেতৃত্ব দিচ্ছে।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি পাচ্ছে| দেশের কন্যারা খেলাধুলায়ও অসাধারণ দক্ষতার পরিচয় দিচ্ছে।

****************************

**IWD-State:**

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আজ রাজ্যেও বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন|

এ উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে ত্রিপুরা রাজ্য মহিলা কমিশন। আজ রাজ্য মহিলা কমিশনের সদর কার্যালয়ে মহিলা জনসুনবাই কর্মসূচীর আয়োজন করা হয়। এই বিষয়ে রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা জানান, জন সুনবাই কর্মসূচীতে মহিলাদের যে সমস্ত সমস্যা বা অভাব অভিযোগ থাকবে

তা আগামী দিনে সংশ্লিস্ট দপ্তরের সাথে কথা বলে সমস্যা নিরসনে যাবতীয় ব্যবস্থা গ্রহন করবে রাজ্য মহিলা কমিশন। শ্রীমতী দেববর্মা জানান, আগামী দিনে রাজ্যের সবকটি জেলাতেই এই কর্মসূচীর আয়োজন করা হবে|

এ দিবস উপলক্ষে আজ প্রদেশ বিজেপি মহিলা মোর্চার উদ্যোগে আগরতলা মুক্তধারা অডিটরিয়ামে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, কেন্দ্রীয় ও রাজ্য সরকার নারীদের স্বনির্ভর করতে বিভিন্ন প্রকল্প চালু করেছে। প্রদেশ বিজেপি সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য বলেন, স্বনির্ভর গোষ্ঠী, ক্ষুদ্র ঋণ সহায়তা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং নারী উদ্যোক্তা তৈরির মাধ্যমে বহু নারী আজ আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে উঠছেন। মন্ত্রী স্বান্তনা চাকমা নারী নির্যাতন রোধ, শিক্ষার প্রসার এবং কর্মক্ষেত্রে নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে সমাজের সকল স্তরের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানান।

সাংসদ বিপ্লব কুমার দেব আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে সামাজিক মাধ্যমে এক বার্তায় শুভেচ্ছা জানিয়েছেন ।

ত্রিপুরা প্রদেশ মহিলা কংগ্রেসের উদ্যোগে আজ আগরতলা প্রদেশ কংগ্রেস ভবনে আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়।

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আসাম রাইফেলসের রাধানগর ব্যাটেলিয়ানের উদ্যোগে রাধানগরে মহিলাদের স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়।

সারা ভারত গনতান্ত্রিক মহিলা সমিতি ও অনান্য বামপন্থী গন সংগঠন সমূহের উদ্যোগে আজ বিলোনিয়ার করুনা রায় স্মৃতি ভবনে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আয়োজিত সেমিনারে বিধায়ক দীপংকর সেন প্রমুখ বক্তব্য রাখেন।

এ উপলক্ষে উত্তর ত্রিপুরা জেলার জেলা-স্তরের মূল অনুষ্ঠান জেলা সদর ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সূচনা করেন উত্তর ত্রিপুরা জেলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। উপস্থিত ছিলেন জেলাশাসক চাঁদনী চন্দন, ধর্মনগরের মহকুমা শাসক দেবযানী চৌধুরী, ধর্মনগর থানার ওসি মীনা দেববর্মা প্রমুখ|

গোমতী জেলার উদয়পুরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে আজ  বসন্ত উৎসবের আয়োজন করা হয় l

****************************

## InternationalWomen Day, ASMITA-Dhalai :

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে অসমিতা প্রকল্পে আজ স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া এবং মাই ইন্ডিয়ার যৌথ উদ্যোগে দেশের ২৫0টি স্থানে একযোগে বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সারা দেশের সাথে রাজ্যেও অসমিতা প্রকল্পে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে ধলাই জেলার কমলপুর মহকুমায়।

****************************

## Kajal Smriti Football:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের উদ্বোধনী ম্যাচে জম্পুইজলার সুধন্য দেববর্মা কোচিং সেন্টার খেলবে বিশালগড়ের আনন্দধারা প্লে সেন্টারের বিরুদ্ধে। ২৫ মার্চ আসরের উদ্বোধন হবে। রবিবার আসরে অংশ নেওয়া ১২টি দলের কর্তাদের নিয়ে রাজ্য ফুটবল সংস্থার অফিসে সভা হয়। মোট ১৭টি দলকে চারটি গ্রুপে রাখা হয়েছে। টুর্নামেন্ট কমিটির চেয়ারম্যান অমিত দেব গ্রুপ বিন্যাসের ঘোষনা করেন।

****************************

## Weather :

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

****************************

****************************